

# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৯১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৯২]

পর্ব-১৬: গ্রহণ (সূর্য/চন্দ্র) (كتاب الكسوف)

পরিচ্ছেদঃ ১৬: অন্য আর এক প্রকার বর্ণনা

باب نَوْعٌ آخَرُ

### আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى، قال: حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ، قال: حَدَّثَنَا يُونُسُ، عَنِ الْحَسَنِ، عَنْ أَبِي بَكْرَةَ، قال: كُنَّا عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَانْكَسَفَتِ الشَّمْسُ فَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَجُرُّ رِدَاءَهُ، حَتَّى انْتَهَى إِلَى الْمَسْجِدِ وَثَابَ إِلَيْهِ فَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَجُرُّ رِدَاءَهُ، حَتَّى انْتَهَى إِلَى الْمَسْجِدِ وَثَابَ إِلَيْهِ النَّاسُ فَصَلَّى بِنَا رَكْعَتَيْنِ، فَلَمَّا انْكَشَفَتِ الشَّمْسُ، قَالَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ النَّهُ عَنَّ وَجَلَّ بِهِمَا عِبَادَهُ وَإِنَّهُمَا لَا يَخْسِفَانِ لِمَوْتِ أَحَد وَلَا لِحَيَاتِهِ، آيَاتِ اللَّهِ يُخَوِّفُ اللَّهُ عَنَّ وَجَلَّ بِهِمَا عِبَادَهُ وَإِنَّهُمَا لَا يَخْسِفَانِ لِمَوْتِ أَحَد وَلَا لِحَيَاتِهِ، فَقَالَ فَإِنَّا لَهُ مَاتَ يُقَالُ لَهُ الْ الْمُاسُ فِي ذَلِكَ فَصَلُوا حَتَّى يُكْشَفَ مَا بِكُمْ وَذَلِكَ أَنَّ ابْنًا لَهُ مَاتَ يُقَالُ لَهُ الْإِبْرَاهِيمُ، فَقَالَ لَهُ نَاسٌ فِي ذَلِكَ فَصَلُوا حَتَّى يُكْشَفَ مَا بِكُمْ وَذَلِكَ أَنَّ ابْنًا لَهُ مَاتَ يُقَالُ لَهُ الْكَوْدَ الْمَالُ فِي ذَلِكَ.

تخریج دارالدعوه: انظر حدیث رقم: ۱۴٦٠ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1492 \_ صحيح

#### বাংলা

১৪৯১. ইমরান ইবনু মূসা (রহ.).... আবূ বাকরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ (সা.)-এর নিকটে ছিলাম, ইতোমধ্যে সূর্যের গ্রহণ লাগল। তখন রসূলুল্লাহ (সা.) চাদর সামলাতে সামলাতে বের হয়ে মসজিদ পর্যন্ত পৌছে গেলেন। অন্যান্য লোকেরাও মসজিদে জমা হয়ে গেল। তখন তিনি আমাদের নিয়ে দু' রাকআত সালাত আদায় করলেন। যখন সূর্য আলোকিত হয়ে গেল, তিনি বললেনঃ চন্দ্র-সূর্য আল্লাহর নিদর্শনসমূহের মধ্যে দু'টি নিদর্শন, আল্লাহ তা'আলা তদ্বারা বান্দাদের ভয় দেখিয়ে থাকেন। আর কারো জন্ম মৃত্যুর কারণে তাদের গ্রহণ হয় না। অতএব তোমরা যখন তা দেখবে, তখন সালাত আদায় করবে তোমাদের তোমাদের মাঝে আপতিত বিপদ দূর হওয়া পর্যন্ত। তা এ জন্য বললেন যে, রাসুলুল্লাহ (সা.)-এর এক ছেলে ইবরাহীম (রাঃ) মৃত্যুবরণ



করেছিল। তখন লোকেরা বলাবলি করতে লাগল যে, সূর্যের গ্রহণ তার মৃত্যুর কারণেই হয়েছে।

## **English**

Another version

It was narrated that Abu Bakrah said: We were with the Messenger of Allah () when the sun became eclipsed. The Messenger of Allah () went out dragging his garment, until he came to the masjid, and the people gathered around him. He led us in praying two rak'ahs and when (the eclipse) ended he said: 'The sun and the moon are two of the signs of Allah (SWT) by means of which Allah (SWT), the Mighty and Sublime, strikes fear into His slaves. They do not become eclipsed for the death or birth of anyone. If you see that, then pray until Allah (SWT)r relieves you of fear.' That was because his son named Ibrahim had died, and the people suggested to him that (the eclipse) happened because of that.

### ফুটনোট

সহীহঃ বুখারী ১০৬, ১০৪০; সহীহ ইবনু খুযায়মাহ ৬৩৭৪। [দ্রঃ ১৪৫৯]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু বাকরা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন